গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা # |
|---|---|
| মৎস্য সেক্টর-সংশ্লিষ্ট কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা | ৪ |
| সেকশন ১: মৎস্য সেক্টরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য ও কার্যাবলি | ৫ |
| সেকশন ২: মৎস্য সেক্টর-সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদক সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৪ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী ও পরিমাপ পদ্ধতি | ১৫ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওপর নির্ভরশীলতা | ১৯ |

## মৎস্য সেক্টর-সংশ্লিষ্ট কর্মসম্পাদনের সার্বিক চিত্র
**(Overview of the Performance of Fisheries Sector)**

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশের মৎস্যসম্পদের সংরক্ষণ, উৎপাদন বৃদ্ধি ও উন্নয়নে মৎস্য অধিদপ্তর প্রধান ভূমিকা পালন করে থাকে। জাতীয় জিডিপি'র ৩.৬৫ শতাংশ এবং মোট কৃষিজ আয়ের ২৩.৮১ শতাংশ মৎস্য উপখাত থেকে আসে (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৬)। বিগত দশকে মৎস্য খাতে জিডিপি প্রবৃদ্ধির হার ৬.৩১ শতাংশ। দেশের রপ্তানি আয়েও এখাত রাখছে গুরুত্বপূর্ণ অবদান। আমাদের দৈনন্দিন খাদ্যে প্রাণিজ আমিষের প্রায় ৬০ শতাংশ যোগান দেয় মাছ। বিগত তিন অর্থবছরে (২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬) মোট মৎস্য উৎপাদন ছিল যথাক্রমে ৩৫.৪৮, ৩৬.৮৪ ও ৩৮.৭৮ লক্ষ মেট্রিক টন। মোট জনগোষ্ঠীর ১১ শতাংশের অধিক এ সেক্টরের বিভিন্ন কার্যক্রমে নিয়োজিত থেকে জীবিকা নির্বাহ করে। অভ্যন্তরীণ জলাশয় থেকে মৎস্য আহরণ ও উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৪র্থ ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০১৬)।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাঁধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাঁধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এবং মানসম্পন্ন খাদ্যের অভাব;
- জেলেদের মাছ ধরা নিষিদ্ধ মৌসুমে বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয় ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

ভিশন ২০২১-এর আলোকে ২০২১ সালের মধ্যে-

- চাষকৃত মাছের উৎপাদন ভিত্তিবছরের (২০১২-১৩: ১৮.৬০ লক্ষ মে.টন) চেয়ে ৪৫% এবং মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০১২-১৩: ৯.৬১ লক্ষ মে.টন) চেয়ে ২০% বৃদ্ধি করা।
- ইলিশ মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০১২-১৩: ৩.৫১ লক্ষ মে.টন) চেয়ে ২০% এবং সামুদ্রিক মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০১২-১৩: ৫.৮৯ লক্ষ মে.টন) চেয়ে ১৮%বৃদ্ধি করা।
- স্থানীয়ভাবে মাছ ও মৎস্যজাত দ্রব্য হতে দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৬০ গ্রামে উন্নীতকরণ।
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালুঅ্যাডেড মৎস্যজাত দ্রব্য রপ্তানি করে আয় ১.২৫ বিলিয়ন ডলারে উন্নীতকরণ।
- মৎস্যচাষি/উদ্যোক্তা পর্যায়ে গুণগত মানসম্পন্ন মাছের পোনা ও খাদ্যের সরবরাহ নিশ্চিতকরণ।
- বেকার যুবকদের জন্য ভিত্তি বছর (২০১২-১৩) হতে অধিক (২৫%) কর্মসংস্থান সৃষ্টি করা।
- মৎস্যচাষি/মৎস্যজীবীদের আয় ভিত্তি বছর (২০১২-১৩) হতে ২০% বৃদ্ধিকরণ।
- মৎস্যচাষ, সমাজভিত্তিক সংগঠন ও মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানায় মহিলাদের অংশগ্রহণ ভিত্তি বছর (২০১২-১৩) বছর হতে ২৫% বৃদ্ধিকরণ।
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা।
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণে দেশব্যাপি ৫৫০ হেক্টর প্রদর্শনী মৎস্য খামার স্থাপন;
- ১৫০ হেক্টর বিল নার্সারি স্থাপন;
- ৩৫০ মেট্রিক টন পোনা অবমুক্তকরণ;
- দক্ষতা উন্নয়নে ১.২৫ লক্ষ জন মৎস্যচাষি/সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান;
- গুণগত মানসম্পন্ন পোনা উৎপাদনের লক্ষ্যে পরিচালিত ৬০০টি মৎস্য হ্যাচারির নিবন্ধণ ও নবায়ন;
- গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ১০৭৫টি খাদ্য নমুনা পরীক্ষা;
- মৎস্য আহরণে নিয়োজিত ১৭৫টি বাণিজ্যিক মৎস্য ট্রলার ও ১৫৫০টি যান্ত্রিক মৎস্য নৌযানের ফিশিং লাইসেন্স প্রদান ও নবায়ন; এবং
- রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের ২৩২০০টি নমুনা সংগ্রহ ও পরীক্ষণ এবং ১৭৭৫টি এনআরসিপি নমুনা পরীক্ষণ।

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এবং সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ২০ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ সেকশন ১, ২ ও ৩ এ বর্ণিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মৎস্য সেক্টরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য ও কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**
মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, দারিদ্র্য বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি।

**১.২ অভিলক্ষ্য (Mission)**
মৎস্য ও চিংড়িসহ অন্যান্য জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং অভীষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণে উন্মুক্ত জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এক্ষেত্র হতে প্রাপ্ত সুফলের মাধ্যমে দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মৎস্য সেক্টরের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
৩. মৎস্য রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
৪. মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণ ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. মৎস্য আবাসস্থল উন্নয়ন ও প্রদর্শনী খামার স্থাপন
২. মৎস্যচাষি/উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্যচাষির পুকুর পরিদর্শন
৩. মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান
৪. বিল নার্সারি স্থাপন ও পরিচালনা এবং উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ
৫. মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন এবং মৎস্য খাদ্য মান পরীক্ষা
৬. মাছ ধরার ট্রলার ও নৌযানসমূহ লাইসেন্স কার্যক্রমের আওতায় আনয়ন (নতুন/পুরাতন)
৭. আইইউইউ (IUU) মৎস্য আহরণ রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ
৮. ইলিশ সম্পদ উন্নয়নে জেলেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন
৯. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত কার্যক্রম
১০. রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের কনসাইনমেন্ট পরিদর্শন এবং এনআরসিপি নমুনা পরীক্ষণ
১২. রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ এবং স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান
১৩.মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং বিলুপ্তপ্রায় মৎস্য প্রজাতি সংরক্ষণ
১৪. মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ও অভিযান পরিচালনা
১৫. জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ।

## সেকশন ২
## মৎস্য সেক্টর-সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি | মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ | ওজন (গ্রাম/দিন) | ৫৫.৫০ | ৬০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মৎস্য ও মৎস্যজাত পণ্যের রপ্তানির মাধ্যমে রপ্তানি আয় বৃদ্ধি | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ৪২৮২.৮২ | ৪২০০.০০ | ৪৪৫০.০০ | ৪৮৫০.০০ | ৫০০০.০০ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, রপ্তানি উন্নয়ন ব্যুরো |

* সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপন (২০১৮-১৯) | প্রক্ষেপন (২০১৯-২০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মৎস্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৫১ | [১.১] প্রদর্শনী মৎস্য খামার স্থাপন | [১.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | আয়তন (হেক্টর) | ৬.০০ | ৬৩০ | ৬৪০ | ৫৫০ | ৫৪৫ | ৫৪০ | ৫৩৫ | ৫৩০ | ৫৫৫ | ৫৭০ |
| | | [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | আয়তন (হেক্টর) | ৬.০০ | ৩০৫ | ৩২০ | ৩৪০ | ৩৩৫ | ৩৩০ | ৩২৫ | ৩২০ | ৩৫০ | ৩৬০ |
| | | [১.৩] বিল নার্সারি স্থাপন | [১.৩.১] স্থাপিত বিল নার্সারি | আয়তন (হেক্টর) | ৫.০০ | ২৫০ | ২৬৫ | ১৫০ | ১৪৫ | ১৪২ | ১৪০ | ১৩৫ | ১৫৫ | ১৬৫ |
| | | [১.৪] উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.৪.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | পরিমাণ (মে.টন) | ৫.০০ | ১০৯০ | ৭৮০ | ৩৫০ | ৩৪৫ | ৩৪০ | ৩৩৫ | ৩৩০ | ৩৬৫ | ৩৭৫ |
| | | [১.৫] মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান | [১.৫.১] পরামর্শ প্রদানকৃত সুফলভোগী | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ১.০৫৫ | ১.০৬৫ | ১.০৭৫ | ১.০৭০ | ১.০৬৫ | ১.০৬০ | ১.০৫৫ | ১.০৮৫ | ১.০৯০ |
| | | [১.৬] মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন | [১.৬.১] নিবন্ধনকৃত ও নবায়নকৃত হ্যাচারি | সংখ্যা | ৩.০০ | ৮৫৫ | ৫৫০ | ৬০০ | ৫৯০ | ৫৮৫ | ৫৭৫ | ৫৭০ | ৬২০ | ৬৩০ |
| | | [১.৭] বাণিজ্যিক মৎস্য ট্রলারের ফিশিং লাইসেন্স প্রদান ও নবায়ন | [১.৭.১] প্রদান/ নবায়নকৃত ট্রলারের ফিশিং লাইসেন্স | সংখ্যা | ৩.০০ | ১৮৫ | ১৭৫ | ১৭৫ | ১৭৩ | ১৭১ | ১৬৮ | ১৬৫ | ১৭৭ | ১৭৮ |
| | | [১.৮] যান্ত্রিক মৎস্য নৌযানের ফিশিং লাইসেন্স প্রদান ও নবায়ন | [১.৮.১] প্রদান/ নবায়নকৃত নৌযানের ফিশিং লাইসেন্স | সংখ্যা | ৩.০০ | ১৫০০ | ১৫২৫ | ১৫৫০ | ১৫৪০ | ১৫৩০ | ১৫২০ | ১৫১০ | ১৫৫৫ | ১৫৬৫ |
| | | [১.৯] বাণিজ্যিক মৎস্য ট্রলার ও যান্ত্রিক মৎস্য নৌযানের মৎস্য আহরণ কাযক্রম মনিটরিং | [১.৯.১] পরিদর্শনকৃত ট্রলার ও নৌযান | সংখ্যা | ২.০০ | ৮৩৫ | ৮৬০ | ৮৬০ | ৮৫৫ | ৮৫০ | ৮৪৫ | ৮৪০ | ৮৬৫ | ৮৭৫ |
| | | [১.১০] আইইউইউ (IUU) ক্যাচ সার্টিফিকেট কমপ্লায়েন্স সম্পর্কিত | [১.১০.১] মনিটরিংকৃত ট্রলার | সংখ্যা | ১.০০ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | - | - | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপন (২০১৮-১৯) | প্রক্ষেপন (২০১৯-২০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মৎস্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | নির্ধারিত ট্রলার মনিটরিং | | | | | | | | | | | | |
| | | [১.১১] গবেষণা জাহাজের মাধ্যমে সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপের লক্ষ্যে ক্রুজ পরিচালনা | [১.১১.১] সম্পাদিত ক্রুজ | সংখ্যা | ২.০০ | ০ | ২ | ৪ | ৩ | ২ | - | - | ৫ | ৬ |
| | | [১.১২] মৎস্য খাদ্য মান পরীক্ষা | [১.১২.১] পরীক্ষিত খাদ্য নমুনা | সংখ্যা | ৩.০০ | ১৫৫০ | ১০৫০ | ১০৭৫ | ১০৬০ | ১০৪০ | ১০২০ | ১০০০ | ১০৮৫ | ১১০০ |
| | | [১.১৩] মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [১.১৩.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | সংখ্যা | ৩.০০ | ১৩৫ | ১৪৫ | ১৫০ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১৫৫ | ১৬৫ |
| | | [১.১৪] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৪.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ৩.০০ | ১৩১০০ | ১৩৫০০ | ১৪০০০ | ১৩৯০০ | ১৩৮০০ | ১৩৭০০ | ১৩৬০০ | ১৪৩০০ | ১৪৫০০ |
| | | [১.১৫] জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ | [১.১৫.১] সম্প্রসারিত প্রযুক্তি | সংখ্যা | ১.০০ | ৫ | ৩ | ৩ | ৩ | ২ | - | - | ৪ | ৪ |
| [২] মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১২ | [২.১] মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুফলভোগী সম্পৃক্তকরণ | [২.১.১] সম্পৃক্ত সুফলভোগী | সংখ্যা | ৩.০০ | ৬১১০০ | ৬২৫০০ | ৬৩০০০ | ৬২৮০০ | ৬২৭০০ | ৬২৫০০ | ৬২০০০ | ৬৩৫০০ | ৬৪৫০০ |
| | | [২.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [২.২.১] সম্পৃক্ত সুফলভোগী | সংখ্যা | ৩.০০ | ৩৭৫০ | ৩৮৫০ | ৩৫০০ | ৩৪৭৫ | ৩৪৭০ | ৩৪৫০ | ৩৪০০ | ৩৬০০ | ৩৭০০ |
| | | [২.৩] মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগী | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ২.৫৫ | ১.৫০ | ১.২৫ | ১.২০ | ১.১৫ | ১.১০ | ১.০০ | ১.৩০ | ১.৩৩ |
| [৩] মৎস্য রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ৩ | [৩.১] রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [৩.২.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সংখ্যা | ৩.০০ | ৩১০০ | ৩৫০০ | ৪৫০০ | ৪৪০০ | ৪৩০০ | ৪২০০ | ৪১০০ | ৪৬০০ | ৪৭০০ |
| [৪] মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান | ১৪ | [৪.১] রপ্তানিতব্য মৎস্য ও মৎস্য পণ্যের কনসাইনমেন্ট পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত কনসাইনমেন্ট | সংখ্যা | ৩.০০ | ৪১৬০ | ৪১৭০ | ৪২৫০ | ৪২২৫ | ৪২০০ | ৪১৭৫ | ৪১৫০ | ৪৩০০ | ৪৩৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপন (২০১৮-১৯) | প্রক্ষেপন (২০১৯-২০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মৎস্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| নিয়ন্ত্রণ ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | | [৪.২] রপ্তানিতব্য মৎস্য ও মৎস্য পণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ | [৪.২.১] সংগৃহীত নমুনা ও পরীক্ষা | সংখ্যা | ৩.০০ | ২৩০৫০ | ২৩১০০ | ২৩২০০ | ২৩১৭৫ | ২৩১৫০ | ২৩১২৫ | ২৩০০০ | ২৩৩০০ | ২৩৩৫০ |
| | | [৪.৩] মৎস্য ও মৎস্য পণ্যের স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান | [৪.৩.১] সনদ প্রদান | সংখ্যা | ৩.০০ | ৪০৭০ | ৪১০০ | ৪২৫০ | ৪২০০ | ৪১৭৫ | ৪১৫০ | ৪১২৫ | ৪৩০০ | ৪৩৫০ |
| | | [৪.৪] মৎস্য ও মৎস্য পণ্যের দূষণ মনিটরিংয়ে এনআরসিপি নমুনা পরীক্ষণ | [৪.৪.১] নমুনা পরীক্ষা | সংখ্যা | ৩.০০ | ১৭৫৫ | ১৭৬৫ | ১৭৭৫ | ১৭৬৫ | ১৭৫৫ | ১৭৫০ | ১৭৪৫ | ১৮০০ | ১৮৫০ |
| | | [৪.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৪.৫.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ২.০০ | ২৪০ | ২৫০ | ২৬০ | ২৫৫ | ২৫০ | ২৪৫ | ২৪০ | ২৬৫ | ২৭৫ |
| মোট | ৮০ | | | | ৮০ | | | | | | | | | |

* সাময়িক

নোট: জাতীয় মৎস্য নীতি, ১৯৯৮ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে কৌশলগত উদ্দেশ্য নির্ধারণ করা হয়।

**দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান: ২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়ে/বিভাগে দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মন্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান: ২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যান কর্মকর্তা নিয়োগ | কল্যান কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান: ২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েববাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভূক্ত থাকব

আমি মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে মৎস্য অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট অধিদপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

---------------------------------------------- ----------------------------------------------

**মহাপরিচালক** তারিখ

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

---------------------------------------------- --------------------------------------

**সচিব** তারিখ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইজি | অলটারনেটিভ ইনকাম জেনেরেটিং |
| ২ | বিএফআরআই | বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট |
| ৩ | বিএফডিসি | বাংলাদেশ ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৪ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিক্স |
| ৫ | ডিওএফ | ডিপার্টমেন্ট অব ফিশারিজ |
| ৬ | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো |
| ৭ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেন |
| ৮ | এফআইকিউসি | ফিশ ইন্সপেকসন এন্ড কোয়ালিটি কন্ট্রোল |
| ৯ | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট |
| ১০ | আইইউইউ | ইল্লিগ্যাল, আনরিপোর্টেড এন্ড আনরেগুলেটেড |
| ১১ | আইইউসিএন | ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নেচার |
| ১২ | এলজিইডি | লোকাল গভার্মেন্ট এন্ড ইন্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ১৩ | এমওএফএল | মিনিস্ট্রি অব ফিশারিজ এন্ড লাইভস্টক |
| ১৪ | এমএমও | মার্কেন্টাইল মেরিন অফিস |
| ১৫ | এনজিও | নন গভর্নমেন্ট অর্গানাইজেশন |
| ১৬ | এনআরসিপি | ন্যাশনাল রেসিডিউ কন্ট্রোল প্লান |

## কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] প্রদর্শনী মৎস্য খামার স্থাপন | [১.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | মৎস্যসম্পদের উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবিত নতুন প্রযুক্তিচাষি পর্যায়ে জনপ্রিয় করার উদ্দেশ্যে প্রদর্শনী পরিচালনা করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের ও মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | বাংলাদেশের সর্বত্র প্রাকৃতিক ও মানবসৃষ্ট অনেক জলাশয় রয়েছে যা সময়ের আবর্তে জলবায়ু পরিবর্তন এবং বিভিন্ন প্রাকৃতিক কারণে (জলোচ্ছ্বাস, বন্যা, জোয়ার ভাটা ইত্যাদি) প্রায় ভরাট হয়ে গিয়েছে অথবা মাছের বাসস্থানের অনুপযোগী হয়ে পড়েছে। এসকল জলাশয় সংস্কারের মাধ্যমে মাছ চাষের/মাছের বাসস্থানের উপযোগী করা। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] বিল নার্সারি স্থাপন | [১.৩.১] স্থাপিত বিল নার্সারি | উন্মুক্ত বা আধাবদ্ধ জলাশয়ের মাঝে অবস্থিত বিলে মাছের পোনা প্রতিপালন করা হয়। এ সমস্ত বিল বর্ষায় প্লাবিত হয়ে প্রতিপালিত পোনাসমূহ জলাশয়ের সর্বত্র ছড়িয়ে পড়ে। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.৪.১] অবমুক্ত পোনার পরিমাণ | বর্ষাপ্লাবিত ধানক্ষেতে, প্লাবনভূমি ও মরা নদীতে বর্ষা মৌসুমে মাছের পোনা অবমুক্ত করে মাছের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের ও মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান | [১.৫.১] পরামর্শ প্রদানকৃত সুফলভোগী | মৎস্যচাষি/মৎস্যখামারী/উদ্যোক্তা/মৎস্য খাদ্য উৎপাদনকারী/মৎস্য হ্যাচারি অপারেটর ইত্যাদি মৎস্য উৎপাদনে জড়িত সুফলভোগীগণকে চাহিদা মোতাবেক কারিগরি/তথ্যগত সহায়তা প্রদান করা হয়ে থাকে এবং প্রযোজ্য ক্ষেত্রে খামার পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়ে থাকে। | মৎস্য অধিদপ্তর | রেজিস্টার যাচাই ও প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন | [১.৬.১] নিবন্ধন ও নবায়নকৃত হ্যাচারি | মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এবং মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ মোতাবেক মৎস্য বীজ উৎপাদনে জড়িত প্রতিষ্ঠানসমূহের নিবন্ধিতকরণ এবং বছরান্তে নবায়ন করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও নিবন্ধণ রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] বাণিজ্যিক মৎস্য ট্রলারের ফিশিং লাইসেন্স প্রদান ও নবায়ন | [১.৭.১] প্রদান/নবায়নকৃত ট্রলারের লাইসেন্স | সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ, ১৯৮৩ ও সামুদ্রিক মৎস্য বিধিমালা অনুযায়ী বাণিজ্যিক ট্রলারের লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় কর্তৃক লাইসেন্স প্রদানের সম্মতি এবং মহামান্য হাইকোর্টের রায়/আদেশের প্রেক্ষিতে নৌ বাণিজ্য অধিদপ্তর কর্তৃক সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন এবং সার্টিফিকেট অব ইনস্পেকশন প্রদান সাপেক্ষে অত্র দপ্তর হতে ট্রলারের অনুকূলে ফিশিং লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়। স্থায়িত্বশীল সামুদ্রিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনার লক্ষ্যে বর্তমানে মৎস্য | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| | | ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে বাণিজ্যিক বটম ও মিডওয়াটার ট্রলারের লাইসেন্স প্রদান করা হচ্ছে না। | | | |
| [১.৮] যান্ত্রিক মৎস্য নৌযানের ফিশিং লাইসেন্স প্রদান ও নবায়ন | [১.৮.১] প্রদান/নবায়নকৃত যান্ত্রিক মৎস্য নৌযানের লাইসেন্স | সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ, ১৯৮৩ ও সামুদ্রিক মৎস্য বিধিমালা অনুযায়ী যান্ত্রিক মৎস্য নৌযানের লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। ইঞ্জিনচালিত দেশীয় প্রযুক্তিতে মৎস্য শিকার নিমিত্ত তৈরি নৌকা যা নৌ বাণিজ্য অধিদপ্তর কর্তৃক সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন ও সার্টিফিকেট অব ইনস্পেকশন প্রদান সাপেক্ষে অত্র দপ্তর হতে নৌযানটির অনুকূলে ফিশিং লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়। অতএব মার্কেন্টাইল মেরিন অফিস (MMO) হতে সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন এবং সার্টিফিকেট অব ইনস্পেকশন জারী করা না হলে মৎস্য অধিদপ্তর থেকে ফিশিং লাইসেন্স ইস্যু করা হয় না। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] বাণিজ্যিক মৎস্য ট্রলার ও যান্ত্রিক মৎস্য নৌযানের মৎস্য আহরণ কার্যক্রম মনিটরিং | [১.৯.১] পরিদর্শনকৃত ট্রলার ও নৌযান | সামুদ্রিক মৎস্যসম্পদ সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ, ১৯৮৩ এর আওতাধীন ধারা উপধারা বাস্তবায়নের লক্ষ্যে সমুদ্র যাত্রার পূর্বে বা সমুদ্র হতে প্রত্যাবর্তনের পর ট্রলার ও নৌযান পরিদর্শন করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১০] আইইউইউ (IUU) ক্যাচ সার্টিফিকেট কমপ্লায়েন্স সম্পর্কিত নির্ধারিত ট্রলার মনিটরিং | [১.১০.১] মনিটরিংকৃত ট্রলার | ট্রলার ও যান্ত্রিক মৎস্য নৌযান কর্তৃক বৈধভাবে আহরিত মৎস্য যাহা ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে রপ্তানির উদ্দেশ্যে প্রদেয় নির্দিষ্ট ফরমে অত্র দপ্তর কর্তৃক প্রদত্ত সনদ। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১১] গবেষণা জাহাজের মাধ্যমে সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপের লক্ষ্যে ক্রুজ পরিচালনা | [১.১১.১] সম্পাদিত ক্রুজ | সামুদ্রিক মৎস্যসম্পদের সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত বর্তমান মজুদ নিরূপণের লক্ষ্যে মৎস্য অধিদপ্তরাধীন গবেষণা জাহাজের মাধ্যমে ক্রুজ পরিচালনা। | মৎস্য অধিদপ্তর | সম্পাদিত ক্রুজের সংখ্যা গণনা ও জরিপ প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১২] মৎস্য খাদ্য মান পরীক্ষা | [১.১২.১] পরীক্ষিত খাদ্য নমুনা | মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ মোতাবেক মানসম্মত মৎস্য খাদ্য উৎপাদনের স্বার্থে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ হতে সংগৃহিত মৎস্যখাদ্য নমুনার পুষ্টিমান যাচাই করার লক্ষ্যে অনুমোদিত গবেষণাগারে প্রেরণ করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৩] মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [১.১৩.১] ব্যবস্থাপনার | জলাশয়ের গভীরতম অংশে ঝোপঝাড় স্থাপন করে বা জলাশয়ের নির্দিষ্ট অংশে সাময়িক বা স্থায়ীভাবে মাছ আহরণ থেকে বিরত রেখে মাছের | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| | আওতাধীন অভয়াশ্রম | বংশ বৃদ্ধি তথা জীববৈচিত্র্য রক্ষায় কার্যকর ভূমিকা রাখা | | | প্রতিবেদন |
| [১.১৪] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৪.১] পরিচালিত অভিযান | জাটকা ও মা ইলিশ সংরক্ষণকল্পে প্রতি বছর আহরণ নিষিদ্ধ সময়ে নদ-নদী, হাট-বাজার, আড়ত, পরিবহন কাজে সংশ্লিষ্ট যানসমূহে নৌবাহিনী, কোস্টগার্ড, র‍্যাব,পুলিশ, নৌপুলিশের সহায়তায় নিয়োজিত অভিযান ওনির্বাহী ম্যাজিস্ট্রেটেরউপস্থিতিতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৫] জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ | [১.১৫.১] সম্প্রসারিত প্রযুক্তি | পরিবেশবান্ধব ও জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুফলভোগী সম্পৃক্তকরণ | [২.১.১] সম্পৃক্ত সুফলভোগী | জলাশয় সংস্কারের সাথে সম্পৃক্ত সুফলভোগী উন্নয়নকৃত জলাশয়ে মাছ চাষে/জলাশয় ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত হয়ে আর্থ-সামাজিক উন্নয়ন করতে সক্ষম হচ্ছে। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা, রেজিস্টার পরীক্ষণ ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [২.২.১] সম্পৃক্ত সুফলভোগী | মৎস্য অধিদপ্তরের আওতায় গৃহীত বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত কার্যক্রমে সম্পৃক্ত হয়ে স্থানীয় সুফলভোগীগণ তাদের আর্থ-সামাজিক উন্নয়ন করতে সক্ষম হচ্ছে। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগী | বিভিন্ন প্রজাতির মৎস্যচাষ প্রযুক্তি, আহরণ, বিপণন, সংরক্ষণ, জলাশয় ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [৩.১.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | মৎস্যচাষি/মৎস্যখামারী/উদ্যোক্তা/মৎস্য খাদ্য উৎপাদনকারী/মৎস্য হ্যাচারি পরিচালনাকারী ইত্যাদি মৎস্য উৎপাদনে জড়িত সুফলভোগীগণকে চাহিদা মোতাবেক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] রপ্তানিতব্য মৎস্য ও মৎস্য পণ্যের কনসাইনমেন্ট পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত কনসাইনমেন্ট | মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানিকারকগণ রপ্তানি করার উদ্দেশ্যে এক বা একাধিক লটে প্রক্রিয়াজাতকৃত ও মজুদকৃত সুনির্দিষ্ট পরিমাণ মৎস্য বা মৎস্য পণ্যকে কনসাইনমেন্ট হিসেবে ঘোষণা করেন। সংশ্লিষ্ট মৎস্য পরিদর্শণ ও মান নিয়ন্ত্রণ দপ্তরের পরিদর্শক উক্ত মৎস্য ও মৎস্য পণ্য কনসাইনমেন্ট পরিদর্শন করেন। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] রপ্তানিতব্য মৎস্য ও মৎস্য পণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ | [৪.২.১] সংগৃহীত নমুনা ও পরীক্ষা | সাধারণত কোন রপ্তানিকারক কর্তৃক কনসাইনমেন্ট ঘোষণা করা হলে উপপরিচালক (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) কর্তৃক নিয়োজিত পরিদর্শক উহা সরেজমিনে পরিদর্শনপূর্বক উক্ত কারখানা বা স্থাপনায় প্রক্রিয়াজাত বা রক্ষিত মৎস্য ও মৎস্যপণ্যের কাগজপত্র পরীক্ষা করেন এবং পানি, বরফ এবং মৎস্য ও মৎস্যপণ্যের ভৌত, রাসায়নিক এবং অনুজীবীয় অবস্থা পরীক্ষা করার জন্য অনুমোদিত সরকারী পরীক্ষাগারে প্রেরণ করেন। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] মৎস্য ও মৎস্য পণ্যের স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান | [৪.৩.১] সনদ প্রদান | কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মৎস্য বা মৎস্যপণ্য রপ্তানির ক্ষেত্রে প্রত্যেক কনসাইনমেন্ট এর মৎস্য বা মৎস্য পণ্য সম্পর্কে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে স্বাস্থ্যসম্মত (হাইজেনিক) সনদ সংগ্রহ করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] মৎস্য ও মৎস্য পণ্যের দূষণ মনিটরিংয়ে এনআরসিপি নমুনা পরীক্ষণ | [৪.৪.১] নমুনা পরীক্ষা | মাছ ও চিংড়ি চাষে ব্যবহৃত ঔষধ বা রাসায়নিক পদার্থের অথবা প্রাকৃতিক জলাশয়ে উপস্থিত পেস্টিসাইড বা হেভী মেটাল (ভারী ধাতু) মাছের অবশিষ্টাংশ হিসেবে বিদ্যমান রয়েছে কি না, তা নিশ্চিত হওয়ার জন্য প্রাকৃতিক জলাশয় বা চাষকৃত মাছ বা চিংড়ি খামার হতে নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়ে থাকে যে কার্যক্রমের মাধ্যমে তাহাই এনআরসিপি। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৪.৫.১] পরিচালিত অভিযান | মাছ বা চিংড়িতে বিভিন্ন অপদ্রব্য বা ফরমালিন মিশ্রিতকরণ রোধে মৎস্য অদিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে ম্যাজিস্ট্রেট এবং/অথবা পুলিশ/র‍্যাব বাহিনীর সদস্যদের সহযোগীতায় হাট-বাজার, আড়ত প্রভৃতি স্থানে অভিযান পরিচালনা করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সংখ্যা যাচাই | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

# কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থার ওপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ভূমি মন্ত্রণালয়/ জেলা/ উপজেলা প্রশাসন | [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | অনাপত্তি সার্টিফিকেট | খাস জলাশয় ভূমি মন্ত্রণালয়ের অধীনে থাকায় জলাশয় উন্নয়ন ও মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠার জন্য ভূমি মন্ত্রণালয়/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের অনাপত্তি সার্টিফিকেট প্রয়োজন | অনাপত্তি সার্টিফিকেট না পেলে প্রয়োজনীয় পরিমাণ মৎস্য আবাসস্থল উন্নয়ন, মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনা সম্ভব হবে না ফলে লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হবে না। |
| | [১.১৩] মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা | [১.১৩.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | | | |
| মন্ত্রী পরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | [১.১৪] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৪.১] পরিচালিত অভিযান | সহযোগিতা অব্যাহত থাকা অথবা বৃদ্ধি পাওয়া | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া গেলে অধিক সংখ্যায় অভিযান পরিচালনা করা যাবে। | প্রশাসন ও পুলিশ বিভাগের কাঙ্ক্ষিত অংশগ্রহণ নিশ্চিত না হলে অভিযানের পরিমাণ হ্রাস পাবে। |
| | [৪.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৪.৪.১] পরিচালিত অভিযান | | | |
| বাণিজ্য মন্ত্রণালয় | [৪.১] রপ্তানিতব্য মৎস্য ও মৎস্য পণ্যের কনসাইনমেন্ট পরিদর্শন | [৪.১.১] পরিদর্শণকৃত কনসাইনমেন্ট | মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানার উৎপাদন ও রপ্তানি একই ধারায় অব্যাহত থাকা অথবা বৃদ্ধি পাওয়া | মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানির পূর্বে আইন-বিধি দ্বারা সরকার কর্তৃক নির্ধারিত উপায়ে মৎস্য ও মৎস্যপণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ করা আবশ্যক। রপ্তানির পরিমাণ বৃদ্ধি পেলে রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ এর পরিমাণও বৃদ্ধি পাবে। | মৎস্যপণ্য প্রক্রিয়াজাতকরণ কারখানার উৎপাদন ও রপ্তানি হ্রাস পেলে সংশ্লিষ্ট কেপিআই হ্রাস পাবে। |
| অর্থ মন্ত্রণালয় | [১.১৩] মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা | [১.১৩.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | সঠিক সময়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান | জাটকা ও মা ইলিশ সংরক্ষণ তথা ইলিশ সম্পদের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকায় এতদসংক্রান্ত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করার প্রয়োজন হয়। এক্ষেত্রে মোবাইলকোর্ট পরিচালনায় নির্বাহী ম্যাজিস্ট্রেট ও অভিযান পরিচালনায় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সহযোগিতা প্রয়োজন হয়। | প্রয়োজনীয় বাজেট বরাদ্দ এবং প্রশাসন ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের কাঙ্ক্ষিত অংশগ্রহণ নিশ্চিত না হলে মোবাইল কোর্ট ও অভিযানের পরিমাণ হ্রাস পাবে। ফলে মনিটরিং ব্যবস্থা বিপযয় এর মধ্যে পড়বে এবং জেলেরা অবাধে জাটকা ও মা ইলিশ ধরা অব্যাহত রাখবে। ফলে ইলিশ সম্পদ উন্নয়নে সরকারের বর্তমান সাফল্যের ওপর নেতিবাচক প্রভাব পড়বে। |
| নৌবাহিনী/কোস্টগার্ড/ বাংলাদেশ পুলিশ/ নৌপুলিশ/ র‍্যাব/জেলা ও উপজেলা প্রশাসন | [১.১৪] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন<br>[৪.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [১.১৪.১] পরিচালিত অভিযান<br>[৪.৫.১] পরিচালিত অভিযান | সহযোগী সংস্থা থেকে প্রয়োজনীয় সাপোর্ট | | |